দামুড়হুদায় ৫০০ পিচ ভারতীয় ইনজেকশনসহ আটক১

দামুড়হুদার কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্প ৫০০ পিচ ভারতীয় বুপ্রেনরফাইন ইনজেকশনসহ ১ জনকে আটক করেছে।

জানাজায় দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি ফেরদৌস ওয়াহিদ এর নেতৃত্বে কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্পের এস আই আতিকুর রহমান জুয়েল, এএসআই মসলেম উদ্দিন, এএসআই জাহিদুল ইসলাম সঙ্গীয় ফোর্সসহ আজ মঙ্গলবার সকাল সাড়ে ১০ টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে দামুড়হুুদা থানাধীন কোমরপুর পশ্চিমপাড়ার মৃত সদর আলীর ছেলে মতিয়ার রহমান (৪৫)বাড়ি অভিযান চালিয়ে ৫০০ পিচ ভারতীয় বুপ্রেনরফাইন ইনজেকশনসহ মতিয়ার রহমান কে আটক করে।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করা হয়েছে।